যুগান্তর

SEP 16 2002

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# ছাত্রদলের হারানো ভাবমূর্তি ফিরিয়ে আনতে হবে

—তারেক রহমান

গান্তর রিপোর্ট

এনপির প্রথম যুগ্ম মহাসচিব তারেক হমান ছাত্রদলের সাবেক সভাপতি ও াধারণ সম্পাদকদের তাদের পরিচিতি ও ান্তরিকতা দিয়ে ছাত্রদলের হারানো াবমূর্তি ফিরিয়ে আনার আহ্বান ানিয়েছেন। গতকাল বিকালে বিএনপির নানী অফিসে সাবেক ছাত্রদল নেতাদের ঙ্গে এক বৈঠকে তিনি এ আহ্বান জানিয়ে লেন, ছাত্রদলকে নতুন প্রজন্মের কাছে হণযোগ্য ও জনপ্রিয় করে তুলতে হবে। তনি মাঠপর্যায়ের সাংগঠনিক চিত্র সংগ্রহ

াত্রদল : পৃষ্ঠা : ১৫ কলাম : ২

## ছাত্রদল : ভাবমূর্তি

(শেষ পৃষ্ঠার পর)

করতে ছাত্রদল নেতাদের সঙ্গে সাংগঠনিক সফরে সাবেক ছাত্রদল নেতাদের সহযোগিতা কামনা করেন। ছাত্রদলের নতুন আহ্বায়ক কমিটি গঠনের পর তারেক রহমান গতকাল সাবেক ও বর্তমান ছাত্রদল নেতাদের সঙ্গে যৌথ বৈঠকে মিলিত হন। এর আগে গত বৃহস্পতিবার প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ছাত্রদল নেতাদের নিয়ে বৈঠক করেন। গত শনিবার বিকাল ৫টা থেকে রাত ১০টা পর্যন্ত তিনি হাওয়া ভবনে ছাত্রদলের আহ্বায়ক কমিটির নেতাদের সঙ্গে দীর্ঘ বৈঠক করেন। ওই বৈঠকে ৬টি বিভাগে সাংগঠনিক সফরের জন্য ৬টি টিম গঠন করা হয়। ছাত্রদলের সাংগঠনিক সফরে এবারই প্রথম সাবেক ছাত্রনেতাদের অন্তর্ভুক্ত করা হয়েছে। তারেক রহমান গতকাল তাদের কর্মতৎপরতার দিকনির্দেশনা দেন। তিনি সাবেক ছাত্রনেতাদের বলেছেন, জেলা ও থানা পর্যায়ের সাংগঠনিক অবস্থার খোঁজখবর নেয়ার পাশাপাশি বিভিন্ন সমস্যা চিহ্নিত করতে হবে। ছাত্রদল পরিচালনায় তাদের দীর্ঘদিনের অভিজ্ঞতার আলোকে বর্তমান নেতাদের সঙ্গে আলোচনা করে জরুরি সমস্যাগুলোর তাৎক্ষণিক সমাধান দিতে হবে।

বঠকে উপস্থিত ছিলেন বিএনপির ছাত্র বিষয়ক সম্পাদক স্বাস্থ্য ও পরিবারকল্যাণ প্রতিমন্ত্রী আমানউল্লাহ আমান, ডাকসুর সাবেক জিএস খায়রুল কবির খোকন, ছাত্রদলের সাবেক সভাপতি রিজভী আহমদ, সাবেক সাধারণ সম্পাদক ইলিয়াস আলী এমপি, সাবেক সভাপতি ফজলুল হক মিলন এমপি, সাবেক সাংগঠনিক সম্পাদক আবুল খায়ের ভূঁইয়া এমপি, সাবেক সভাপতি শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি এমপি, সাবেক সভাপতি হাবিব-উন-নবী খান সোহেল, ছাত্রদলের আহ্বায়ক সাহাবুদ্দীন লাল্টু, যুগ্ম আহ্বায়ক এবিএম মোশাররফ হোসেন, মনির হোসেন, আজিজুল বারী হেলাল, সদস্য সুলতান সালাহ উদ্দিন টুকু ও আবদুল বারী এ্যানি। সাবেক ছাত্রদল নেতা ডা. ফিরোজ মাহমুদ ইকবাল, রকিবুল ইসলাম বকুল ও সাজ্জাদুর রহমান নাইট বৈঠকে যোগ দেন। বৈঠকে জানানো হয়, ছাত্রদলের সাংগঠনিক টিম আগামী ১৭ সেপ্টেম্বর থেকে ১০ দিনের সাংগঠনিক সফরে প্রধানত মাঠপর্যায়ের সাংগঠনিক অবস্থা, কমিটি, বিশেষ সম্মেলন এবং নেতাদের ছাত্রত্বের বিষয়ে খোঁজখবর নেবেন। ঢাকায় ফিরে সাংগঠনিক রিপোর্ট দেয়ার পর কেন্দ্র থেকে জেলা ও থানা পর্যায়ে সম্মেলনের তারিখ ঘোষণা করা হবে। তারেক রহমান বলেছেন, আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে সারাদেশের সম্মেলন শেষ করে ছাত্রদলের কেন্দ্রীয় সম্মেলন অনুষ্ঠান করতে ব্যর্থ হলে জানয়ারি ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকীতে